DEC. 07 2001

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ...১......

# বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ের পাঁচসালা শিক্ষা কোর্স বাতিল

যুগান্তর রিপোর্ট

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে নতুন কোর্স কারিকুলাম বাতিল করে সাবেক আইপিজিএমআরের কোর্স কারিকুলাম চালুর সিদ্ধান্ত হয়েছে।

গতকাল বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের এক সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ে ৫ বছর মেয়াদি শিক্ষা কোর্স বাতিল করে তা সাবেক আইপিজিএমআরের ৩ বছর মেয়াদি কোর্স চালু করা হবে।

একটি সূত্র জানায়, ৫ বছর মেয়াদি উচ্চ শিক্ষায় মেডিকেল চিকিৎসকদের যে ব্যবহারিক জ্ঞান আহরণের সুযোগ ছিল তা আর থাকবে না। বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৫

বঙ্গবন্ধু : পৃষ্ঠা : ১৯ কলাম : ৭

## বঙ্গবন্ধু : মেডিকেল

(শেষ পৃষ্ঠার পর)

বছর মেয়াদি শিক্ষা কোর্স আন্তর্জাতিকভাবে স্বীকৃত এবং এই দীর্ঘমেয়াদি কোর্সে শিক্ষার্থীরা বেশি শেখার সুযোগ পায় এবং রোগীরাও সেবা পায় বেশি। এই কোর্স বাতিল করার ফলে বিভিন্ন ইন্সটিটিউটের উচ্চতর শিক্ষা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধীনে চলে যাবে। সমন্বিত কোর্স পদ্ধতি আর থাকবে না।

গতকাল বিশ্ববিদ্যালয়ের মিল্টন হলে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের সভায় উপাচার্য অধ্যাপক এমএ হাদী সভাপতিত্ব করেন। উপ-উপাচার্যসহ বিভিন্ন বিভাগের চেয়ারম্যানরা এ সভায় যোগদান করেন।